रजिस्ट्री सं डी-221

Registered No. D-211

রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

असाधारण

EXTRAORDINARY

বিশেষ

भाग VII—अनुभाग 1

PART VII—Section 1

ভাগ ৭—অনুভাগ ১

प्राधिकार से प्रकाशित

**Published by Authority**

প্রাধিকারবলে প্রকাশিত

| | | |
|---|---|---|
| सं 10 | नई दिल्ली, शुक्रबार, सितम्वर 4, 2020 | [भाद्र 13, 1942 शक |
| No. 10 | NEW DELHI, FRIDAY, SEPTEMBER 4, 2020 | [BHADRA 13, 1942 (SAKAY) |
| নং 10 | নতুন দিল্লী, শুক্রবার, ৪ঠা সেপ্টেম্বর ২০২০ | [১৩ই ভাদ্র, ১৯৪২(শক) |

## বিধি ও ন্যায় মন্ত্রণালয়
## (বিধান বিভাগ)

নতুন দিল্লী, ১১ই মার্চ, ২০২০/২১ শে ফাল্গুন, ১৯৪১ (শক)

(১) দি মেডিক্যাল টারমিনেশন অফ প্রেগন্যানসি অ্যাক্ট, ১৯৭১ (১৯৭১-এর ৩৪),

(২) দি অ্যান্টি অ্যাপারথেইড (ইউনাইটেড নেশন্স কন্‌ভেন্‌শান্) অ্যাক্ট, ১৯৮১ (১৯৮১-র ৪৮),

(৩) দি স্টেট এমব্লেম অফ ইণ্ডিয়া (প্রোহিবিশন অফ ইমপ্রপার ইয়ুজ) অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৫০),

(৪) দি কমিশনস্ ফর প্রোটেক্সন্ অফ্ চাইল্ড রাইট্স্ অ্যাক্ট, ২০০৫ (২০০৬-এর ৪),

(৫) দি ন্যাশনাল ইনভেস্টিগেশন্ এজেন্সি অ্যাক্ট, ২০০৮ (২০০৮-এর ৩৪),

(৬) দি সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ড অ্যাক্ট, ২০০৮ (২০০৯-এর ৯),

(৭) দি সেন্ট্রাল গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৬),

(৮) দি ইনটিগ্রেটেড গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৭) এবং

(৯) দি মুসলিম উইমেন (প্রোটেকশন অফ রাইটস অন ম্যারেজ) অ্যাক্ট, ২০১৯ (২০১৯-এর ২০)-এর বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীন প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

## *MINISTRY OF LAW AND JUSTICE*

### *(Legislative Department)*

New Delhi, Dated, the 11th March, 2020/ 21 Phalguna, 1941 (Saka)

(1) The Medical Termination of Pregnancy Act, 1971 (34 of 1971),

(2) The Anti-Apartheid (United Nations Convention) Act, 1981 (48 of 1981),

(3) The State Emblem of India (Prohibition of Improper Use) Act, 2005 (50 of 2005),

(4) The Commission for Protection of Child Rights Act, 2005 (4 of 2006),

(5) The National Investigation Agency Act, 2008 (34 of 2008),

(6) The Science and Engineering Research Board Act, 2008 (9 of 2009),

(7) The Central Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (26 of 2017),

(8) The Integrated Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (27 of 2017) and

(9) The Muslim Women (Protection of Rights on Marriage) Act, 2019 (20 of 2019) are hereby published under the authority of the President and shall be deemed to be the authoritative texts thereof in Bengali under clause (a) of Section 2 of the Authoritative Texts (Central Laws) Act, 1973 (50 of 1973).

---

# *ভারত রাজ্যের প্রতীক (অনুপযুক্ত ব্যবহার প্রতিষেধ) আইন, ২০০৫*

## *(২০০৫ - এর ৫০ নং আইন)*

[১১ ই মার্চ, ২০২০ তারিখে যথা-বিদ্যমান]

বৃত্তিগত এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ভারত রাজ্যের প্রতীকের অনুপযুক্ত ব্যবহার প্রতিষেধ এবং তৎসংশ্লিষ্ট ও তদানুষঙ্গিক বিষয়সমূহের জন্য ব্যবস্থাকরণার্থ আইন।

ভারত সাধারণতন্ত্রের ষট্পঞ্চাশৎ বর্ষে সংসদ কর্তৃক এতদ্দ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল: –

সংক্ষিপ্ত নাম, প্রসার, প্রয়োগ এবং প্রারম্ভ।

১। (১) এই আইন ভারত রাজ্যের প্রতীক (অনুপযুক্ত ব্যবহার প্রতিষেধ) আইন, ২০০৫, নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র ভারতে প্রসারিত হইবে এবং ভারতের বাহিরে ভারতের নাগরিকদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

(৩) ইহা কেন্দ্রীয় সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখে বলবৎ হইবে।

সংজ্ঞার্থ।

২। এই আইনে, প্রসঙ্গত অন্যথা আবশ্যক না হইলে, –

(ক) ''ক্ষমতাপন্ন প্রাধিকার'' বলিতে, তৎসময়ে বলবৎ কোন বিধি অনুযায়ী কোন কোম্পানি, ফার্ম, অপর ব্যক্তিবর্গের অথবা কোন ব্যবসায়-চিহ্ন বা নকশা রেজিস্ট্রিকরণ অথবা পেটেন্ট মঞ্জুর করিতে ক্ষমতাপন্ন কোন প্রাধিকারকে বুঝায় ;

(খ) ''প্রতীক'' বলিতে সরকারের সিলমোহররূপে ব্যবহৃত হইবে বলিয়া তফসিলে যথা-বর্ণিত ও বিনির্দিষ্ট ভারত রাজ্যের প্রতীক বুঝায়।

প্রতীকের অনুপযুক্ত ব্যবহার প্রতিষেধ।

৩। তৎসময়ে বলবৎ অন্য কোন বিধিতে যাহা কিছু আছে তৎসত্ত্বেও, কোন ব্যক্তি কেন্দ্রীয় সরকার বা উহার দ্বারা এতৎপক্ষে যেরূপ প্রাধিকৃত হইতে পারে উক্ত সরকারের সেরূপ আধিকারিকের প্রাক্-অনুমোদন ব্যতিরেকে উক্ত প্রতীক অথবা উহার কোন মেকি অনুকৃতি এরূপ কোন প্রণালীতে ব্যবহার করিবেন না যাহাতে এরূপ ধারণা সৃষ্টি করিবার অবকাশ থাকে যে, উহা সরকারের সহিত সম্বন্ধযুক্ত অথবা উহা, ক্ষেত্রানুযায়ী, কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের কোন সরকারী দস্তাবেজ।

*ব্যাখ্যা।* – এই ধারার প্রয়োজনে, ''ব্যক্তি'' কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের কোন পূর্বতর কৃত্যকারীকে অন্তর্ভুক্ত করে।

অন্যায্য লাভের জন্য প্রতীক ব্যবহারে প্রতিষেধ।

৪। কোন ব্যক্তি যেরূপ বিহিত হইবে সেরূপ শর্তানুযায়ী এবং সেরূপ ক্ষেত্রসমূহ ব্যতিরেকে, কোন ব্যবসা, কারবার, পেশা বা বৃত্তির উদ্দেশ্যে বা কোন পেটেন্টের নামে অথবা কোন ব্যবসায়-চিহ্নে বা নকশায় উক্ত প্রতীক ব্যবহার করিবেন না।

কতিপয় কোম্পানি, ইত্যাদির ক্ষেত্রে রেজিস্ট্রিকরণে প্রতিষেধ।

৫। (১) তৎসময়ে বলবৎ অন্য কোন বিধিতে যাহা কিছু আছে তৎসত্ত্বেও, কোন ক্ষমতাপন্ন প্রাধিকার, –

(ক) উক্ত প্রতীক বহন করে এরূপ কোন ব্যবসায় - চিহ্ন বা নকশা রেজিস্ট্রিকরণ, অথবা

(খ) উক্ত প্রতীক সম্বলিত কোন নাম বহন করে এরূপ কোন আবিষ্কার সম্পর্কিত কোন পেটেন্ট মঞ্জুর করিবেন না।

(২) যদি কোন ক্ষমতাপন্ন প্রাধিকারের সমক্ষে এরূপ কোন প্রশ্ন উত্থাপিত হয় যে, কোন প্রতীক তফসিলে বিনির্দিষ্ট কোন প্রতীক বা উহার মেকি অনুকৃতি কিনা তাহাহইলে, ক্ষমতাপন্ন প্রাধিকার কেন্দ্রীয় সরকারের নিকট প্রশ্নটি প্রেষণ করিবেন এবং তদ্বিষয়ে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

প্রতীক ব্যবহার প্রনিয়ন্ত্রণার্থ কেন্দ্রীয় সরকারের সাধারণ ক্ষমতাসমূহ।

৬। (১) কেন্দ্রীয় সরকার, যেরূপ বিহিত হইবে সেরূপ বাধানিষেধ ও শর্তসমূহ সাপেক্ষে, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারসমূহের করণসমূহে এবং বিদেশে কূটনৈতিক মিশনসমূহ সহ উহাদের প্রতিষ্ঠানসমূহে ব্যবহৃত সরকারী সীলমোহরে প্রতীকের ব্যবহার প্রনিয়ন্ত্রণার্থ উহার

নিকট যেরূপ আবশ্যক বলিয়া প্রতীয়মান হয় নিয়মাবলীর দ্বারা, সেরূপ বিধান প্রণয়ন করিতে পারিবেন।

(২) এই আইনের বিধানসমূহ সাপেক্ষে, কেন্দ্রীয় সরকারের –

(ক) সাংবিধানিক প্রাধিকারসমূহ, মন্ত্রিবর্গ, সংসদের সদস্যবর্গ বিধানসভাসমূহের সদস্যবর্গ, কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারসমূহের আধিকারিকবর্গ কর্তৃক লেখ্যসামগ্রীতে প্রতীকের ব্যবহার ও অর্ধসরকারী লেখ্যসামগ্রীতে উহার মুদ্রণ বা উৎখোদনের প্রণালী প্রজ্ঞাপিত করিবার;

(খ) প্রতীক সম্বলিত সরকারী সীলমোহরের নকশা বিনির্দিষ্ট করিবার ;

(গ) সাংবিধানিক প্রাধিকারসমূহ, বৈদেশিক উচ্চপদস্থ ব্যক্তিবর্গ, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারসমূহের মন্ত্রিবর্গের গাড়িতে প্রতীকের প্রদর্শন সঙ্কুচিত করিবার;

(ঘ) ভারতের সরকারী ভবনসমূহে, কূটনৈতিক মিশনসমূহে এবং বিদেশে ভারতের বাণিজ্যিক দূতাবাসসমূহ কর্তৃক অধিকৃত ভবনসমূহে প্রতীক প্রদর্শনের ক্ষেত্রে নির্দেশিকা প্রদানের;

(ঙ) শিক্ষাসংক্রান্ত উদ্দেশ্যে এবং সশস্ত্রবাহিনীর কর্মিবৃন্দের জন্য ব্যবহারসহ অন্য বিভিন্ন উদ্দেশ্যে প্রতীকের ব্যবহারের জন্য শর্তাবলী বিনির্দিষ্ট করিবার;

(চ) পূর্বগামী ক্ষমতাসমূহ প্রয়োগের জন্য কেন্দ্রীয় সরকার যেরূপ আবশ্যক বা সঙ্গত বিবেচনা করিবেন, সেরূপ সকল কার্য (প্রতীকের নকশার বিনির্দিষ্টকরণ এবং যেকোন প্রণালীতে উহার ব্যবহারসহ) করিবার ক্ষমতা থাকিবে।

দণ্ড।

৭। (১) ৩ ধারার বিধানসমূহ লঙ্ঘন করেন এরূপ যে কোন ব্যক্তি দুই বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা পাঁচ হাজার টাকা পর্যন্ত করা যাইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা অথবা তিনি যদি এই ধারা অনুযায়ী পূর্বে কোন অপরাধে দোষসিদ্ধ হইয়া পুনরায় ঐরূপ কোন অপরাধে দোষসিদ্ধ হন তাহাহইলে তিনি দ্বিতীয় এবং পরবর্তী প্রত্যেক অপরাধের জন্য অন্যূন ছয় মাসের যাহা দুই বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে ও পাঁচ হাজার টাকা পর্যন্ত করা যাইতে পারে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

(২) কোন ব্যক্তি যিনি অন্যায্য লাভের জন্য ৪ ধারার বিধানসমূহ লঙ্ঘন করেন, তিনি ঐরূপ অপরাধের জন্য অন্যূন ছয় মাসের, যাহা দুই বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে ও পাঁচ হাজার টাকা পর্যন্ত করা যাইতে পারে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

অভিযুক্তির জন্য পূর্ব মঞ্জুরি।

৮। কেন্দ্রীয় সরকারের বা এতৎপক্ষে কেন্দ্রীয় সরকারের সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা প্রাধিকৃত আধিকারিকের পূর্বমঞ্জুরি ব্যতীত এই আইন অনুযায়ী দণ্ডনীয় কোন অপরাধের জন্য কোন অভিযুক্তি দায়ের করা যাইবে না।

ব্যাবৃত্তি।

৯। এই আইনের কোন কিছুই কোন ব্যক্তিকে তৎসময়ে বলবৎ অপর কোন বিধি অনুযায়ী তাঁহার বিরুদ্ধে আনীত হইতে পারে এরূপ কোন মোকদ্দমা বা কার্যবাহ হইতে অব্যাহতি প্রদান করিবে না।

এই আইনের অভিভাবী কার্যকারিতা থাকিবে।

১০। এই আইনের বিধানাবলীর বা তদধীনে প্রণীত কোন নিয়মের, অপর কোন অধিনিয়ম বা ঐরূপ অধিনিয়মের বলে কার্যকারিতাসম্পন্ন কোন সাধনপত্রে উহার সহিত অসমঞ্জস যাহা কিছু আছে তৎসত্ত্বেও, কার্যকারিতা থাকিবে।

নিয়মাবলী প্রণয়নের ক্ষমতা।

১১। (১) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্যসমূহ কার্যে পরিণত করিবার জন্য নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষতঃ ও পূর্বগামী ক্ষমতাসমূহের ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, ঐরূপ নিয়মাবলী নিম্নলিখিত সকল বা যে কোন বিষয়ে ব্যবস্থা করিতে পারিবে, যথা :–

(ক) ৪ ধারা অনুযায়ী প্রতীকের ব্যবহার প্রনিয়ন্ত্রণকারী ক্ষেত্রসমূহ ও শর্তসমূহ;

(খ) ৬ ধারার (১) উপধারা অনুযায়ী সরকারের সরকারী সীলমোহরে প্রতীকের ব্যবহার

প্রনিয়ন্ত্রিত করিবার জন্য নিয়মাবলী প্রণয়ন করা এবং তৎসম্পর্কিত বাধানিষেধ ও শর্তসমূহ বিনির্দিষ্ট করা;

(গ) ৬ ধারার (২) উপধারা অনুযায়ী লেখ্যসামগ্রীতে প্রতীকের ব্যবহার, প্রতীক সংবলিত সরকারী সীলমোহরের নকশা ও অপর বিষয়সমূহ; এবং

(ঘ) ৮ ধারা অনুযায়ী অভিযুক্তি দায়ের করিবার জন্য পূর্বমঞ্জুরি প্রদানার্থ সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা আধিকারিককে প্রাধিকৃত করা; এবং

(ঙ) বিহিত হইবার জন্য অনুজ্ঞাত বা বিহিত হইতে পারে এরূপ অপর যে কোন বিষয়।

(৩) এই ধারা অনুযায়ী প্রণীত প্রত্যেক নিয়ম, উহা প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র, সংসদের প্রত্যেক সদনের সমক্ষে, উহার সত্র চলিতে থাকাকালে, মোট ত্রিশ দিন সময়সীমার জন্য স্থাপিত হইবে, যে সময়সীমা একসত্রের অথবা দুই বা ততোধিক আনুক্রমিক সত্রের অন্তর্ভুক্ত হইতে পারে এবং যদি, যে সত্রে উহা ঐরূপে স্থাপিত হয় সেই সত্রের অব্যবহিত পরবর্তী সত্র বা পূর্বোক্ত আনুক্রমিক সত্রের অবসানের পূর্বে উভয় সদন ঐ নিয়মের কোন সংপরিবর্তন করিতে সম্মত হন, অথবা উভয় সদন একমত হন যে ঐ নিয়ম প্রণয়ন করা উচিত নহে, তাহাহইলে, তৎপরে ঐ নিয়ম, ক্ষেত্রানুযায়ী, কেবল ঐরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা আদৌ কার্যকর হইবে না, তবে এমনভাবে যে, ঐরূপ কোন সংপরিবর্তন বা রদকরণ পূর্বে ঐ নিয়ম অনুযায়ী কৃত কোন কিছুরই সিদ্ধতা ক্ষুণ্ণ করিবে না।

## তফসিল

## [২ (খ) ধারা দ্রষ্টব্য]

ভারত রাজ্যের প্রতীক

বর্ণনা এবং নকশা

ভারত রাজ্যের প্রতীক সারনাথ প্রদর্শশালায় পরিরক্ষিত অশোকের সারনাথ সিংহ স্তম্ভশীর্ষ হইতে অভিযোজিত হইয়াছে। সিংহ স্তম্ভশীর্ষে একটি বৃত্তাকার পীঠিকার উপর চারটি সিংহ, একটির পৃষ্ঠের সহিত অন্যটির পৃষ্ঠ সংলগ্ন অবস্থায় দণ্ডায়মান। পীঠিকার কার্ণিশের নীচের কারুকার্যময় অংশটি মধ্যবর্তী ধর্মচক্রসমূহ দ্বারা পৃথকীকৃত একটি হাতি, একটি দ্রুত ধাবমান অশ্ব, একটি বৃষ এবং একটি সিংহের উঁচু করিয়া নির্মিত ভাস্কর্য দ্বারা শোভিত। পীঠিকাটি একটি ঘণ্টাকৃতি পদ্মের উপর স্থিত।

কেন্দ্রে একটি ধর্মচক্র, ডানপার্শ্বে একটি বৃষ ও বামপার্শ্বে একটি দ্রুত ধাবমান অশ্ব এবং ডান এবং বামপ্রান্তবর্তী অংশে ধর্মচক্রের রেখাচিত্র দর্শায় এরূপ সিংহ স্তম্ভশীর্ষটির পার্শ্বচিত্র ভারত রাজ্যের প্রতীকরূপে গৃহীত হইয়াছে। ঘণ্টাকৃতি পদ্মটি বাদ দেওয়া হইয়াছে।

"সত্যমেব জয়তে"— সত্যই জয়লাভ করে—সিংহস্তম্ভশীর্ষের পার্শ্বচিত্রটির নিম্নে দেবনাগরী হরফে লিখিত এই নীতি ভারত রাজ্যের প্রতীকের অংশ।


ভারত রাজ্যের প্রতীক পরিশিষ্ট ১ বা ২-এ যথা-প্রদর্শিত নকশা অনুসারে হইবে।

## পরিশিষ্ট - ১




মন্তব্য - এই নকশা সরলীকৃত রূপ এবং ক্ষুদ্র আকৃতিতে পুনরুৎপাদনের জন্য যথা, লেখ্যসামগ্রী, সীলমোহর এবং ছাঁচ-মুদ্রণে ব্যবহার্য।

## পরিশিষ্ট - ২




মন্তব্য - এই নকশা অধিক বিস্তারিত এবং বৃহত্তম আকৃতিতে
পুনরুৎপাদনের জন্য ব্যবহার্য।